

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়  
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

স্মারক নং- ২৪২

তারিখ : ০১ আগস্ট ২০২১ খ্রিষ্টাব্দ।

স্থায়ী কমিটির সভার নোটিশ :

এতদ্বারা অত্র উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সম্মানিত সদস্যবৃন্দকে জানানো যাচ্ছে যে, অত্র কমিটির দ্বিমাসিক সভা আগামী ১২ আগস্ট ২০২১ খ্রিষ্টাব্দ তারিখ সময়ঃ সকাল ১১.০০ ঘটিকায় উপজেলা পরিষদ সভাকক্ষে জনাব মোছাঃ আমিনা বেগম, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান এর সভাপতিত্বে অনুষ্ঠিত হবে।


আপনাকে উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয় :

- ১। গত সভার মন্তব্য পাঠ ও অনুমোদন।
- ২। অর্থ সংক্রান্ত।
- ৩। উন্নয়ন মূলক।
- ৪। অপারেশনাল।
- ৫। বিবিধ।

প্রাপক

জনাব.....  
.....  
নাগেশ্বরী, কুড়িগ্রাম।



(মোছাঃ জিন্নাতারা ইয়াছমিন)

সদস্য সচিব

উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক কমিটি

ও

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা

নাগেশ্বরী, কুড়িগ্রাম।

স্মারক নং-উপ্রাশিঅ/নাগ/কুড়ি/২০২১/২৪২ (৩)

সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

- ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
- ২। উপজেলা নিবাহী অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
- ৩। অফিস কপি।

তারিখ :

স্বাক্ষরিত

(মোছাঃ জিন্নাতারা ইয়াছমিন)

সদস্য সচিব

উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক কমিটি

ও






উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা

নাগেশ্বরী, কুড়িগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়  
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

- বিষয় : উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী।  
সভাপতি : মোছাঃ আমিনা বেগম, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাগেশ্বরী।  
তারিখ : ১২ আগস্ট ২০২১ খ্রিষ্টাব্দ,  
সময় : সকাল ১১.০০ টা  
স্থান : উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, নাগেশ্বরী, কুড়িগ্রাম।

উপস্থিতি স্বাক্ষর :

ক্রঃ নং	নাম	পদবী	স্বাক্ষর	মন্তব্য
১	মোছাঃ আমিনা বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, নাগেশ্বরী, কুড়িগ্রাম।	সভাপতি	 ১২-০৮-২১	
২	চেয়ারম্যান নুনখাওয়া ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম।	সদস্য		
৩	চেয়ারম্যান ভিতরবন্দ ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম।	সদস্য	 ১২-০৮-২১	
৪	উপজেলা শিক্ষা অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম।	সদস্য		
৫	উপজেলা মহিলা বিষয়ক অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম।	সদস্য	 ১২-০৮/২১	

আলোচ্য বিষয় :

- ১। গত সভার মন্তব্য পাঠ ও অনুমোদন।
- ২। অর্থ সংক্রান্ত।
- ৩। উন্নয়ন মূলক।
- ৪। অপারেশনাল।
- ৫। বিবিধ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়  
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

আলোচনা ও সিদ্ধান্ত :-

১ নং বিষয়ে আলোচনা শুরু হলে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা গত সভার কার্যবিবরণী পাঠ করেন এবং অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন।


সিদ্ধান্ত : গত সভার কার্যবিবরণীর উপর বিস্তারিত আলোচনান্তে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।

২ নং আলোচনা শুরু হলে উপজেলা মহিলা বিষয়ক অফিসার জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে। অত্রাফিসের অনুকূলে বিগত অর্থ বছরের বরাদ্দ দ্বারা বিভিন্ন প্রশিক্ষণ কর্মসূচী চলমান রয়েছে। বরাদ্দের তুলনায় প্রশিক্ষণার্থীর চাহিদা বেশি হওয়ায় আগামী অর্থ বছরে জন্য অতিরিক্ত বরাদ্দ চাওয়া হয়েছে। চলতি অর্থ বছরের জন্য বরাদ্দ আসলে তা যথাসময়ে সভায় উপস্থাপন করা হবে।

৩ নং বিষয়ে আলোচনা শুরু হলে তিনি জানান যে, নারী ও শিশু পাচার রোধে সচেতনতা মূলক কার্যক্রমের অংশ হিসেবে বিভিন্ন ইউনিয়নে উঠান বৈঠক করা হচ্ছে। নারী ও শিশুদের স্বাস্থ্য ও সামাজিক সুরক্ষা নিশ্চিত করতে জনসচেতনতা অত্যন্ত জরুরী। নারীদের জীবন মান উন্নয়নে সরকারের বিভিন্ন উদ্যোগ জনগণের মাঝে ছড়িয়ে দেয়ার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। গত অর্থবছরের জন কল্যাণ মূলক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। পুষ্টি ভাতা, মাতৃত্বকালীন ভাতা কার্যক্রম চলমান আছে। তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন।

৪ নং বিষয়ে আলোচনা শুরু হলে চেয়ারম্যান, নুনখাওয়া ইউপি জানান যে, নুনখাওয়া ইউনিয়ন নদী বেষ্টিত হওয়ায় সেখানকার নারী ও শিশুরা অবহেলিত অবস্থায় আছে। তার ইউনিয়নে বিশেষ দৃষ্টি প্রদানের অনুরোধ করেন।

৫ নং বিবিধ বিষয়ে অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্য সমাপ্তি ঘোষণা করেন।



(মোছাঃ আমিনা বেগম)  
মহিলা ভাইস চেয়ারম্যান,  
উপজেলা পরিষদ, নাগেশ্বরী কুড়িগ্রাম।